

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০
www.bjsc.gov.bd

নং-১০.০৩.০০০০.০০৩.৩১.০০৩.২৪-৬৯

তারিখঃ ২৭ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

সপ্তদশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০২৪

১৭শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২৪ সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০ কেন্দ্রে
নিম্নবর্ণিত পরিবর্তিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ—

আবশ্যিক সাধারণ ও আইন বিষয়সমূহ

| ক্রম | বিষয় | তারিখ | দিন | সময় |
|------|--|------------|-------------|--|
| ১ | সাধারণ বাংলা | ১৬.১০.২০২৪ | বুধবার | অপরাহ্ন ২.০০ ঘটিকা থেকে অপরাহ্ন ৫.০০ ঘটিকা পর্যন্ত |
| ২ | সাধারণ ইংরেজি | ১৭.১০.২০২৪ | বৃহস্পতিবার | |
| ৩ | বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়সমূহ | ১৯.১০.২০২৪ | শনিবার | |
| ৪ | সাধারণ গণিত ও দৈনন্দিন বিজ্ঞান | ২০.১০.২০২৪ | রবিবার | |
| ৫ | দেওয়ানী মামলা সংক্রান্ত আইন | ২১.১০.২০২৪ | সোমবার | |
| ৬ | অপরাধ সংক্রান্ত আইন | ২২.১০.২০২৪ | মঙ্গলবার | |
| ৭ | পারিবারিক সম্পর্ক বিষয়ক আইন | ২৩.১০.২০২৪ | বুধবার | |
| ৮ | সাংবিধানিক আইন, জেনারেল ক্লজেস্ এ্যাক্ট ও আইনের ব্যাখ্যার ধারণা | ২৪.১০.২০২৪ | বৃহস্পতিবার | |
| ৯ | সম্পত্তি সংশ্লিষ্ট অন্যান্য আইন | ২৬.১০.২০২৪ | শনিবার | |

ঐচ্ছিক আইন বিষয়সমূহ

| ক্রম | বিষয় | তারিখ | দিন | সময় |
|------|---|------------|--------|--|
| ১০ | ঐচ্ছিক বিষয়-১ এবং ঐচ্ছিক বিষয়-২ | ২৭.১০.২০২৪ | রবিবার | অপরাহ্ন ২.০০ ঘটিকা থেকে অপরাহ্ন ৫.০০ ঘটিকা পর্যন্ত |

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলিঃ

- প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষার দিন প্রবেশপত্রসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ছাড়া কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। প্রবেশপত্রের নির্দেশাবলি কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- পরীক্ষার্থীকে পরীক্ষা শুরু হওয়ার নির্ধারিত সময়ের অন্ততঃ ৩০ মিনিট পূর্বে কেন্দ্রে উপস্থিত হতে হবে।
- লিখিত পরীক্ষার প্রশ্ন বিতরণের ৩০ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না।
- প্রবেশপত্রের ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, ওয়ালেট/মানিব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাত ঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস সাথে রাখা/আনা সম্পূর্ণ নিষিদ্ধ।**
- কোনো পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোনোভাবে অসদুপায় অবলম্বন করলে বা কোনো অসদাচরণ করলে তাকে সংশ্লিষ্ট পরীক্ষা ও পরবর্তী সকল পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রতিদিনের হাজিরা ও উত্তরপত্রসহ সকল কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই ধরনের হতে হবে।
- পরীক্ষায় প্রশ্নপত্র বিতরণের পরবর্তী এক ঘণ্টার মধ্যে কোনো উত্তরপত্র জমা দেওয়া যাবে না।
- কোনো পরীক্ষার্থী জরুরি প্রয়োজনে পরীক্ষা শুরুর প্রথম এক ঘণ্টার পর দায়িত্ব পালনকারী পরিদর্শকের অনুমতি নিয়ে স্বল্প সময়ের জন্য পরীক্ষা কক্ষের বাইরে যেতে পারবেন।
- কোনো অনিবার্য কারণ বিবেচনায় পরীক্ষার সময়সূচি বাতিল কিংবা পরিবর্তন করা হতে পারে। সেক্ষেত্রে পরিবর্তিত সূচি কিংবা নির্দেশনা কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- পরীক্ষার বিস্তারিত আসন বিন্যাস পরীক্ষা কেন্দ্রে ও কমিশনের ওয়েব সাইটে ১৫ অক্টোবর, ২০২৪ খ্রিঃ তারিখে প্রকাশ করা হবে।

স্বাক্ষরিত/-

(শরীফ এ এম রেজা জাকের)

পরীক্ষা নিয়ন্ত্রক (জেলা ও দায়রা জজ)

টেলিফোনঃ ০২-৪১০৫২২২১

ই-মেইলঃ secretary10bjsc@gmail.com